উপভোক্তার অধিকার বিল
কর প্রস্তুতকারক সংক্রান্ত

আইনানুসারে, কর প্রস্তুতকারকদের কর প্রস্তুতি পরিষেবা সম্পর্কে কোন আলোচনা শুরু করার আগে এই নথির একটি প্রতিলিপি আপনাকে দেওয়া বাধ্যতামূলক।

আপনার যা জানার অধিকার আছে:

- **কর প্রস্তুতকারকের চিহ্নিতকরণ ও যোগ্যতা।** কর প্রস্তুতকারকদের কাছে অবশ্যই একটি স্বাক্ষরিত দলিল থাকতে হবে যেখানে তাঁদের সংশ্লিষ্ট যোগ্যতা সম্পর্কে বলা থাকবে। *(দ্রষ্টব্য: অ্যাটর্নি, সার্টিফায়েড পাব্লিক অ্যাকাউন্টেন্টস্ (Certified Public Accountants/CPAs), ও অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবাতে (Internal Revenue Service/ IRS) তালিকাভুক্ত এজেন্টদের এই চিহ্নটি পোস্ট করার প্রয়োজন নেই।)*
- **ফি ও অতিরিক্ত খরচ।** কর প্রস্তুতকারকদের কর প্রস্তুতকারকদের কাছে অবশ্যই একটি স্বাক্ষরিত দলিল থাকতে হবে যেখানে তাঁদের সংশ্লিষ্ট যোগ্যতা সম্পর্কে বলা থাকবে।
- **পরিষেবাগুলির জন্য অর্থপ্রদান করতে ও রিফান্ড পেতে আপনার বিকল্পগুলি।** কর প্রস্তুতকারকেরা আপনাকে রিফান্ড অ্যান্টিসিপেশন চেক্স (Refund Anticipation Checks/RAC), রিফান্ড অ্যান্টিসিপেশন লোন (Refund Anticipation Loans/RAL), রিফান্ড ট্রান্সফারস (Refund Transfers) বা অনুরূপ পণ্য ব্যবহার করতে বলতে পারেন না। এই বিকল্পগুলিতে অতিরিক্ত ফি দিতে হওয়া, আপনার কর প্রস্তুতির ফি বাড়িয়ে দেওয়া, এবং/অথবা আপনার রিফান্ড পেতে দেরী হওয়া থাকতে পারে।
- **কর প্রস্তুতকারক সরকারি অডিটে আপনার প্রতিনিধিত্ব করবেন কিনা।** যে কর প্রস্তুতকারকেরা অডিটে আপনার প্রতিনিধিত্ব করবেন না বলে স্বাক্ষর করতে ব্যর্থ হবেন তাঁদের আপনার প্রতিনিধিত্ব করা বা আপনার হয়ে প্রতিনিধিত্ব প্রদান করা আবশ্যক।
- **কর প্রস্তুতকারক অ্যাটর্নি (নিউ ইয়র্ক স্টেটের বারের (Bar of the State of New York) সদস্য) বা নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ (New York State Department of Education), অফিস অফ দ্য প্রফেশন্স (Office of the Professions) দ্বারা সংসায়িত একজন CPA কিনা।** কর প্রস্তুতকারক যদি অ্যাটর্নি বা CPA না হন তাহলে তাকে অবশ্যই তা আপনাকে বলতে হবে (যদিও তারা তা সত্ত্বেও আপনার কর প্রস্তুত করতে পারেন)।

আপনার যা পাওয়ার অধিকার আছে:

- আসলটি ফাইল করার সময় অথবা আপনাকে ফাইল করার জন্য দেওয়ার সময় প্রস্তুত করা **আপনার কর রিটার্নের একটি কপি।** *(দ্রষ্টব্য: কর প্রস্তুতকারকদের অবশ্যই প্রতিটি প্রস্তুত করা কর রিটার্নে স্বাক্ষর করতে হবে।)*
- **একটি আইটেম অনুযায়ী রসিদ** যাতে প্রতিটি পরিষেবার একক খরচ ও আপনার জন্য প্রস্তুত করা ফর্মের তালিকা দেওয়া থাকবে। এই রসিদটিতে সেই ঠিকানা ও ফোন নম্বরের তালিকা থাকা আবশ্যক যেখানে আপনি সারাবছর কর প্রস্তুতকারকের সঙ্গে যোগাযোগ রাখতে পারবেন।
- **অনুরোধ করলে আপনার ব্যক্তিগত করের কাগজপত্র আপনাকে ফিরিয়ে দেওয়া,** যখন আপনার মূল করের রিটার্ন আপনাকে দায়ের করার জন্য দেওয়া হয়ে গেছে (যদি না কর প্রস্তুতকারকের স্টেটের আইন অনুযায়ী সেই কাগজপত্রগুলি রেখে দেওয়ার সুনির্দিষ্ট অনুমতি থাকে)।

সাধারণ শব্দ:

ফর্ম 1040 **"লম্বা ফর্ম"** নামেও পরিচিত, এবং ফর্ম 1040A **"ছোট ফর্ম"** নামেও পরিচিত। ফর্ম 1040 হল একজন মানুষের মোট আয় রিপোর্ট করার জন্য ব্যবহার করা স্ট্যান্ডার্ড ফেডারাল ট্যাক্স ফর্ম। এটা "লম্বা ফর্ম" নামেও পরিচিত কারণ এটা তুলনায় ছোট 1040A ও 1040EZ ট্যাক্স ফর্মগুলির চেয়ে বেশি ব্যাপক। "তফশিল C (Schedule C)" হল একটি ফর্ম যা কখনও কখনও ফর্ম 1040 এর সাথে সংযুক্ত থাকে, এবং আপনার দ্বারা চালিত একটি ব্যবসা বা একক মালিক হিসেবে আপনার পেশা থেকে হওয়া আয় বা লোকসান রিপোর্ট করার জন্য ব্যবহার করা হয়।

আপনার যে পরিমাণ কর বকেয়া ছিল আপনি যদি তার চেয়ে বেশি দিয়ে থাকেন, তাহলে স্টেট বা ফেডারাল ট্যাক্স এজেন্সিগুলির কাছ থেকে আপনি তা **ফেরত** পাওয়ার অধিকারী হতে পারেন। আপনার রিফান্ড বা কর ফেরত পাওয়ার সবচেয়ে দ্রুত উপায় হল IRS বা নিউ ইয়র্ক স্টেট কর ও অর্থ বিভাগের (New York State Department of Taxation and Finance) কাছ থেকে আপনার ব্যাংক অ্যাকাউন্টে তা **সরাসরি** জমা করানো।

পিছনের পৃষ্ঠায় এগিয়ে যান >

কর প্রস্তুত পরিষেবার জন্য অর্থপ্রদানের আগে আপনার যা পাওয়ার অধিকার আছে:

- কর প্রস্তুতকারকের দ্বারা পেশ করা **প্রতিটি পরিষেবা সম্পর্কিত মোট খরচের একটি লিখিত হিসাব**, যার মধ্যে পড়বে প্রাথমিক দায়ের করার ফি, সুদের হার, RAL, RAC, এবং রিফান্ড হস্তান্তরের প্রক্রিয়াকরণের ফি, এবং সেই সম্পর্কিত অন্য যে কোন ফি বা মূল্য। আপনি বেছে নেওয়া অর্থপ্রদান এবং/অথবা রিফান্ড বিলির পদ্ধতির ভিত্তিতে এই হিসাবের অনুরোধও করতে পারেন যে আপনাকে আপনার রিফান্ড পেতে কতদিন অপেক্ষা করতে হবে।
- RAL বা কর প্রস্তুতকারকের দ্বারা পেশ করা অন্য কোন ঋণ পরিষেবার **সুদের হারের একটি লিখিত হিসাব**।
- কর প্রস্তুতকারকের দ্বারা পেশ করা **একটি লিখিত রিফান্ডের বিকল্প ও কর পরিষেবা**।

কর প্রস্তুতকারকের পক্ষে এগুলো করা বেআইনি:

- কোন খালি অথবা অসম্পূর্ণ রিটার্নে আপনাকে স্বাক্ষর করতে বলা, অথবা আপনার স্বাক্ষর করার পরে আপনার লিখিত অনুমতি না নিয়ে আপনার করের রিটার্ন পরিবর্তন করা।
- কর পাওনা বা রিফান্ডের বকেয়া রাশির ওপর ভিত্তি করে কোন ফি ধার্য করা।
- কোন কর রিফান্ডের নিশ্চয়তা দেওয়া অথবা কোন সরকারি কর এজেন্সি দ্বারা করদাতাকে অদিত করা হবে না বলে নিশ্চয়তা দেওয়া।
- রিফান্ডের কোনো একটি অংশ প্রস্তুতকারকের জন্য নির্দিষ্ট করার জন্য একজন করদাতাকে অনুরোধ করা।
- আপনি বা আপনার দ্বারা অনুমোদিত মনোনীত ব্যক্তি অথবা আদালতের আদেশ বা আইন দ্বারা এই ধরনের তথ্য পাওয়ার জন্য অনুমোদিত কোনো মানুষ ছাড়া অন্য কোনো ব্যক্তি বা ব্যবসার কাছে কোনো ব্যক্তিগত তথ্য প্রকাশ করা।
- কর প্রস্তুতকারকের ঠিকানায় আপনার কর ফেরত ডাকযোগে পাঠাতে বলা, যদিনা আপনি এই ধরণের অনুমতি দেওয়ার পাওয়ার অফ অ্যাটর্নি স্বাক্ষর করে থাকেন।
- আপনাকে কোনো সরকারি আইন, নিয়ম বা বিধি ভঙ্গ করতে বলা।

রিফান্ড অ্যান্টিসিপেশন লোন (RALs) থেকে সাবধান

- RAL হল ব্যাঙ্কের মাধ্যমে নেওয়া এমন একটি ঋণ যা আপনার ব্যাঙ্ককে ফেরত দেওয়া আবশ্যক, যা আপনার আয়কর রিফান্ড কমিয়ে দেবে। কয়েকটি RAL এর সুদের হার খুব চড়া। RAL কোন "তাৎক্ষণিক ফেরত" নয়, এবং কর প্রস্তুতকারকেরা এটি বা অনুরূপ এমন কোন শব্দ ("দ্রুত ফেরত", "এক্সপ্রেস রিফান্ড" বা "দ্রুত নগদ") ব্যবহার করতে পারবেন না যাতে এটা লুকোনো হয় যে RAL একটি ঋণ।
- RAL নেওয়া বৈকল্পিক। কর প্রস্তুতকারক আপনাকে RAL নেওয়ার জন্য জোর করতে পারবেন না অথবা RAL এর জন্য আপনাকে ব্যাঙ্কের ফি থেকে বেশি অর্থ চার্জ করতে পারবেন না।
- *আপনি RAL নেওয়ার আগে*, কর প্রস্তুতকারক অবশ্যই আপনাকে ইংরেজিতে বা স্প্যানিশে লেখা একটি পেপার দেবেন যেখানে বলা থাকবে যে:
  - আপনার RAL নেওয়ার দরকার নেই;
  - RAL হল একটি ঋণ যেটি আপনাকে আপনার কর ফেরত ছাড়াও পূরণ করতে হবে;
  - আপনার প্রত্যাশিত কর ফেরত কতটা;
  - RAL এর জন্য ব্যাঙ্কের ফি এবং আপনার ঋণ পাওয়ার জন্য আপনার প্রত্যাশিত অর্থ;
  - ঋণ যে সময় ধরে বকেয়া থাকবে তার ভিত্তিতে আনুমানিক বার্ষিক সুদের হার (APR) হিসেবে দেখানো সুদের হার, যদি তা প্রযোজ্য হয়;
  - যদি আপনি RAL নেন তাহলে আপনি যে দিন আপনার ঋণের অর্থ পাবেন; এবং
  - RAL ছাড়া যে দিন আপনি আপনার অর্থ পাবেন বলে প্রত্যাশা করেন।
- আপনি ইংরেজি বা স্প্যানিশ পড়তে না পারলে কর প্রস্তুতকারকের অবশ্যই আপনাকে এই তথ্য আপনি বোঝেন এমন ভাষায় বুঝিয়ে দিতে হবে।

এমনকি "বিনামূল্যের" RAL ও অন্যান্য আগাম রিফান্ড পণ্যগুলিরও ফি থাকতে পারে। উদাহরণস্বরূপ, RAC ও রিফান্ড হস্তান্তরের মধ্যে কর প্রস্তুত করার আগামী খরচে ছাড় পাওয়ার ফিও থাকতে পারে কিন্তু তাতে সেই খরচ আপনার রিফান্ড থেকে কেটে নেওয়া হয়। মনে রাখবেন, আপনার কর প্রস্তুতকারকের দ্বারা পেশ করা প্রতিটি পরিষেবার জন্য যাবতীয় মূল্যের মোট খরচের একটি লিখিত হিসাব, যার মধ্যে আগাম রিফান্ড পণ্যগুলিও পড়ে, এবং RAL, RAC বা রিফান্ড হস্তান্তর সহ বা ছাড়া আপনার রিফান্ড পেতে কতটা সময় লাগবে তা জানার অধিকার রয়েছে, তাই জিজ্ঞাসা করতে ভুলবেন না।

আরও তথ্যের জন্য অথবা কর প্রস্তুত পরিষেবা পেশ করা কোন ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে, 311 নম্বরে কল করুন বা nyc.gov/dca তে যান।

যদি আপনার বার্ষিক আয় $66,000 বা তার কম হয়, তাহলে **NYC ফ্রি ট্যাক্স প্রেপ (NYC Free Tax Prep)** পরিষেবার যোগ্য হতে পারেন, যা আপনাকে গুরুত্বপূর্ণ ট্যাক্স ক্রেডিট যেমন অর্জিত আয়ের ট্যাক্স ক্রেডিট (Earned Income Tax Credit, EITC) এবং নিউ ইয়র্ক সিটির চাইল্ড কেয়ার ট্যাক্স ক্রেডিটের (New York City Child Care Tax Credit, CCTC) জন্য ক্লেম করতে সাহায্য করতে পারে। আরো তথ্যের জন্য **311** নম্বরে ফোন করুন অথবা **nyc.gov/taxprep** এ যান।

Consumer Affairs

Bill de Blasio
Mayor

Lorelei Salas
Commissioner

সমৃদ্ধিশালী সম্প্রদায় তৈরি করতে নিউইয়র্কবাসীদেরকে NYC উপভোক্তা বিষয়ক দপ্তর সুরক্ষা দেয় ও দৈনিক আর্থিক অবস্থার উন্নতি করে।

12/2018